

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(রাজস্ব শাখা)
www.feni.gov.bd

স্মারক নং-৩১.২০.৩০০০.০২১.১৮.০৫৫.২২-২১৩৬

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২
২৪ মার্চ ২০২৬

“গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৮ মার্চ ২০২৬ মাসের জেলা আইনশৃঙ্খলা কমিটি সভার সিদ্ধান্ত মোতাবেক সোনাগাজী উপজেলার ওলামা বাজার হতে নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার আঞ্চলিক সড়ক এবং তৎসংলগ্ন সাহেবের ঘাট এলাকায় জনদুর্ভোগ লাঘব এবং সড়ক ও সেতু অবকাঠামো রক্ষণাবেক্ষণের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করা হলো:

১. উল্লিখিত আঞ্চলিক সড়ক ও তৎসংলগ্ন সাহেবের ঘাট এলাকায় ছোট ফেনী নদী হতে সড়ক বা নৌপথে আনীত কোন বালু বিক্রির উদ্দেশ্যে মজুদ বা পরিবহন করা যাবে না।
২. সোনাগাজী উপজেলার সাহেবেরঘাট ব্রীজের সংযোগ সড়কের উভয়পাশে মজুদকৃত সকল বালু ২০ টনের নিম্নে বোঝাই করা যানবাহনে ২৪ মার্চ ২০২৬ তারিখ হতে ২৪ এপ্রিল ২০২৬ তারিখ রাত ১২ টা থেকে ভোর ০৬ টা পর্যন্ত সময়ের মধ্যে ত্রিপল দিয়ে ঢেকে অন্যত্র স্থানান্তর করতে হবে।
৩. ব্যক্তিগত বা সরকারি দপ্তরের প্রয়োজনে অন্য জায়গা হতে আনিত বালু ২৪ মার্চ ২০২৬ তারিখ হতে ২০ টনের নিম্নে বোঝাই করা যানবাহনে ত্রিপল দিয়ে ঢেকে পরিবহন করা যাবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

Manira
২৪/০৬/২৬
(মনিরা হক)
জেলা প্রশাসক
ফেনী

ফোন: ০২৩৩৪৪৭৪০০০

dcfeni@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতির/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৬। পুলিশ সুপার, ফেনী
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/সোনাগাজী/ছাগলনাইয়া/দাগনভূঞা/ফুলগাজী/পরশুরাম, ফেনী। (সর্বসাধারণের অবগতির জন্য গণবিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো)
- ০৮। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ফেনী (সর্বসাধারণের অবগতির জন্য গণবিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো)
- ০৯। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী।
- ১০। সহকারী কমিশনার (ভূমি), ফেনী সদর/সোনাগাজী/ছাগলনাইয়া/দাগনভূঞা/ফুলগাজী/পরশুরাম, ফেনী। (সর্বসাধারণের অবগতির জন্য গণবিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো)
- ১১। সহকারী কমিশনার, জেলা ফ্রন্ট ডেস্ক ও ই-সেবা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী (নোটিশ বোর্ডে টাঙানোর জন্য অনুরোধ করা হলো)
- ১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১৩। অফিস/মাস্টার কপি।